# জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)

### মাস্টার্স (প্রফেশনাল)/ডিপ্লোমা (প্রফেশনাল) কোর্সসমূহ

| | | | |
|---|---|---|---|
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স | ▶ | ব্যাচেলর অব ল'স (এলএলবি) ১ম পর্ব |
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম | ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি |
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক | ▶ | এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং |
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী | ▶ | মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট |
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স | ▶ | মাস্টার্স ১ম পর্ব: গণমাধ্যম ও সাংবাদিকতা |
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ | ▶ | এমবিএ ইন ফ্যাসন ডিজাইন এন্ড টেকনোলজি |
| ▶ | পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টর্স কোচিং | | |

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পাঠদানকারী কলেজসমূহে চলমান শিক্ষাবর্ষ অনুযায়ী এলএলবি ১ম পর্ব (২০২৪-২৫), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম (২০২৪-২৫), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২৪-২৫), এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং (২০২৩-২৪) ও এমবিএ ইন ফ্যাশন ডিজাউন এন্ড টেকনোলজী (২০২৩-২৪) কোর্সসমূহে অনলাইন ভর্তি কার্যক্রম ০২ ডিসেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এই শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২০ জানুয়ারি ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

খ) এছাড়া পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স (২০২৩-২৪), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী (২০২৪-২৫), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক (২০২৩-২৪), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ (২০২৪-২৫), মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজি এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (২০২৩-২৪), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি (২০২৪-২৫), পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টর্স কোচিং (২০২৪-২৫) ও মাস্টার্স ১ম পর্ব: গণমাধ্যম ও সাংবাদিকতা (২০২৪) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন না। এ সকল আবেদনকারীকে প্রার্থীত কোর্সে আবেদনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উপরিউক্ত সময়ের মধ্যে সরাসরি যোগাযোগ করতে হবে। উল্লিখিত কোর্সসমূহের ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কোর্সের রেগুলেশন অনুযায়ী আবেদনের যোগ্যতা যাচাই করে প্রাথমিক আবেদন গ্রহণ করবেন।

গ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus /Important Notice অপশন থেকে জানা যাবে।

ঘ) এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে। এছাড়া SMS (nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র মেধা তালিকার ফলাফল জানা যাবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) সংশ্লিষ্ট কলেজকে Blank Data Entry Form এ প্রদর্শিত আবেদনকারীর ছবি ও শিক্ষাগত যোগ্যতার তথ্য তার মূল সনদ/নম্বরপত্রে উল্লিখিত তথ্যের সঙ্গে যাচাই করে প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর "Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্যাদি সঠিক"- মর্মে একটি প্রত্যয়ন পত্র, প্রাথমিক আবেদনের কপি, সনদ ও নম্বরপত্রের সত্যায়িত কপি, প্রযোজ্য ক্ষেত্রে মূল মাইগ্রেশন এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে ভর্তি নিশ্চয়নের দুই সপ্তাহের মধ্যে অবশ্যই প্রেরণ করবেন। উক্ত প্রত্যয়ন পত্র ও চাহিদাকৃত তথ্যাদি ব্যতীত Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

ছ) মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে (যে কোন শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

জ) এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে আবেদনের যোগ্যতা

| ক্রম | ভর্তিচ্ছু কোর্সসমূহ | শিক্ষাবর্ষ | মেয়াদ | ভর্তির ন্যূনতম যোগ্যতা | আবেদনের শর্ত |
|---|---|---|---|---|---|
| ক) | Bachelor of Laws (LLB) Part-1 | ২০২৪-২০২৫ | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে দুই/তিন বছর মেয়াদী স্নাতক (পাস), তিন বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/সিজিপিএ ২.০ পেতে হবে।<br>[বিঃদ্রঃ এলএলবি ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তীতে এলএলবি শেষপর্ব ভর্তি কার্যক্রমে আবেদন করার সুযোগ পাবে।] | জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারীদের ভর্তির ক্ষেত্রে অবশ্যই মূল মাইগ্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে। |
| খ) | Postgraduate Diploma in Journalism | | | | |
| গ) | Postgraduate Diploma in Library & Information Science | | | | |
| ঘ) | MBA in Apparel Merchandising | ২০২৩-২০২৪ | ২ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহ পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/সিজিপিএ ২.২৫ পেতে হবে। | |
| ঙ) | MBA in Fashion Design & Technology | | | | |
| চ) | Master's in Applied Criminology & Police Management | ২০২৩-২০২৪ | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা মাস্টার্স পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সিজিপিএ ২.২৫ পেতে হবে। | এ সকল কোর্সের ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কোর্সের রেগুলেশন অনুযায়ী আবেদনের যোগ্যতা যাচাই করে প্রাথমিক আবেদন গ্রহণ করবেন। ভর্তিচ্ছু আগ্রহী প্রার্থীকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরাসরি যোগাযোগ করতে হবে। |
| ছ) | Postgraduate Diploma in Music | ২০২৩-২০২৪ | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| জ) | Postgraduate Diploma in Sports Coaching | ২০২৪-২০২৫ | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/সিজিপিএ ২.০ পেতে হবে। তবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতিসম্পন্ন খেলোয়াড়দের ক্ষেত্রে এ শর্ত শিথিল করা যাবে। | |
| ঝ) | Postgraduate Diploma in Sports Science | ২০২৩-২০২৪ | | | |
| ঞ) | Postgraduate Diploma in Theater Studies | ২০২৪-২০২৫ | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ট) | Postgraduate Diploma in Photography | ২০২৪-২০২৫ | ১ বছর | | |
| ঠ) | Postgraduate Diploma in Fire Science & Technology | ২০২৪-২০২৫ | ১ বছর | | |
| ড) | Master's in Media & Journalism ( Part-1) | ২০২৪ | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়সহ ইউজিসি অনুমোদিত পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান/পাস) অথবা সমমানের ডিগ্রীপ্রাপ্ত ছাত্র//ছাত্রী উক্ত প্রোগ্রামে ভর্তি হতে পারবে। তবে কোন পরীক্ষাতেই তৃতীয় শ্রেণি অথবা সিজিপিএ ৫ এর মধ্যে (২.৫) বা ৪ এর মধ্যে (২.২৫) এর নীচে গ্রহণযোগ্য হবে না।<br>ii) গণমাধ্যম/জনসংযোগ/বিজ্ঞাপন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরতদের অগ্রাধিকার দেয়া হবে। | |

২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | ক) এলএলবি ১ম পর্ব, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স, এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং ও এমবিএ ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজী কোর্সে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master's Tab Select করে Blank Data Entry Form (Masters Prof.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর নাম, পিতা ও মাতার নামসহ সংশ্লিষ্ট স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত বিষয়/কোর্স, প্রাপ্ত নম্বর (Marks Obtained)/সিজিপিএ ও মোট নম্বর (Total Marks)/স্কেল, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, কোন আবেদনকারী ভুল/অসত্য তথ্য দিয়ে Blank Data Entry Form (Masters Prof.) ফরম পূরণ করলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট আবেদনকারী বহন করবে এবং ঐ আবেদনকারীর ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।<br>খ) মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস কোচিং, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি ও মাস্টার্স ১ম পর্ব: গণমাধ্যম ও সাংবাদিকতা কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন না। এ সকল আবেদনকারী প্রার্থীত কোর্সে আবেদনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উপরিউক্ত সময়ের মধ্যে সরাসরি যোগাযোগ করবেন। উল্লিখিত কোর্সসমূহের ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কোর্সের রেগুলেশন অনুযায়ী আবেদনের যোগ্যতা যাচাই করে প্রাথমিক আবেদন গ্রহণ করবেন। উল্লিখিত কোর্সসমূহে আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত ঠিকানায় সরাসরি যোগাযোগ করতে হবে।<br>যোগাযোগের ঠিকানা:<br>১। মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬)<br>২। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স ও পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস কোচিং (বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার)<br>৩। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী (কাউন্টার ফটো-এ সেন্টার ফর ভিজ্যুয়াল আর্টস, ১৪, পূর্ব শেওড়াপাড়া, মিরপুর, কাফরুল, ঢাকা)<br>৪। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক (সুরের ধারা কলেজ অব মিউজিক, ২/৭, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা-১২০৭)<br>৫। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ (কক্সবাজার সিটি কলেজ, সদর কক্সবাজার)<br>৬। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি, কলেজ কোড: ৬৬৩১ (ফায়ার রিসার্চ এন্ড ট্রেনিং ইনিস্টিটিউট, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ৩৮-৪৬ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা)<br>৭। মাস্টার্স ১ম পর্ব: গণমাধ্যম ও সাংবাদিকতা (প্রেস ইন্সটিটিউট বাংলাদেশ, ৩, সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০) |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। |
| কলেজ ও কোর্স নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তিযোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পারবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে। |
| কোটায় আবেদন | আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন/পোষ্য (Ward) কোটায় আবেদন করতে ইচ্ছুক হলে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। এখানে উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে তাকে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। |
| ছবি সংযোজন | ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| প্রাথমিক আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত ভুল অথবা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Master's Tab-এ গিয়ে Applicant's Login (Masters Prof.) অপশনে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে আবেদনকারী Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP ) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |
| সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে ফরম জমা ও ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। |

৩। মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। <u>কোর্সভিত্তিক আসন বন্টন</u> | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। <u>কলেজভিত্তিক আসন বন্টন</u> | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | ০১ টি | ০৭ টি | |
| বিশেষ চাহিদা সম্পন্ন | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

৪। পোষ্য (Ward) কোটায় আবেদন

মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত আসন হিসাবে বিবেচিত হবে।

৫। ফলাফল

ক) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে।

<u>মেধাতালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন পদ্ধতি</u>

| স্নাতক পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন | স্নাতক পর্যায়ে প্রাপ্ত সিজিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন | সর্বমোট নম্বর |
|---|---|---|
| $\frac{\text{প্রাপ্ত নম্বর}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০$ | $\frac{\text{প্রাপ্ত সিজিপিএ}}{\text{মোট স্কেল}} \times ১০০$ | ১০০ |

খ) একই প্রতিষ্ঠান/কলেজে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর জন্ম তারিখের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে কোর্সভিত্তিক মেধা তালিকার ফলাফল দেখতে পারবে। আবেদনকারী ভর্তি বিষয়ক ওয়েবসাইট (<u>www.nu.ac.bd/admissions)</u> এর মাধ্যমে অথবা SMS (<u>nu<space>atpm<space>roll no</u> টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।

৬। মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত আবেদনকারীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকা/কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master Tab-এ গিয়ে Master (Professinal) Applicant Login অপশনে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স, সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| চূড়ান্ত আবেদন ফরমের প্রিন্ট/pdf কপি সংগ্রহ | সঠিক তথ্যসহকারে আবেদন ফরমটি পূরণ করে Submit Application অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। উক্ত ফরমটির দুই কপি A4 (8.5"×11") অফসেট কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে একাধিকবার ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নেয়া যাবে। |
| কলেজে চূড়ান্ত ভর্তির ফরম জমা ও রেজিস্ট্রেশন ফি প্রদান | এই আবেদন ফরমের সঙ্গে শিক্ষার্থীকে স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও রেজিস্ট্রেশন ফি (অনুচ্ছেদ-১০ এ কোর্সভিত্তিক বর্ণিত হারে) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দিবেন। |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। |

৭। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না অথবা ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে তিনটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করবে না, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master Tab-এ গিয়ে Master (Professional) Applicant Login অপশনে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কলেজ পছন্দক্রম নির্ধারণ | রিলিজ স্লিপে আবেদনের জন্য College Selection Option এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible কোর্সের তালিকা থেকে নতুন করে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী মোট তিনটি কলেজে পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। |

| | |
|---|---|
| আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে Submit Application অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, রোল নম্বর, কলেজের নাম ও কোর্স পছন্দক্রমসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না অথবা কোন ফি প্রদান করতে হবে না। |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ/কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant Login অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে Cancel Release Slip অপশনে গিয়ে Click to Generate the Security Key ক্লিক করলে আবেদনকারীকে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবে। |
| রিলিজ স্লিপের ফলাফল | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে। |
| ভর্তি ফরম সংগ্রহ ও ফি প্রদান | আবেদনকারী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজ/প্রতিষ্ঠানে কোর্স বরাদ্দ পেলে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master Tab-এ গিয়ে Master (Professional) Applicant Login অপশনে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে Login করবে এবং ভর্তির আবেদন ফরম পূরণ করে এর প্রিন্ট নিবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীকে স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও রেজিস্ট্রেশন ফি (অনুচ্ছেদ-১০ এ কোর্সভিত্তিক বর্ণিত হারে) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ আবেদনকারীকে ফেরত দিবেন। |

৮। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| | |
|---|---|
| কলেজ লগইন | সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের College (Postgraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত User ID ও Password এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate the Security key অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবেন।<br>২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত User ID, Password ও One Time Password (OTP) জন্য প্রদত্ত মোবাইল নম্বর বহাল থাকবে। |
| প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ এবং শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই, ফরম নিশ্চয়ন | কলেজ কর্তৃপক্ষ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তির রেজিস্ট্রেশন ফি গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে আবেদনকারীদের নির্দেশনা প্রদান করবেন। সংশ্লিষ্ট কলেজকে Blank Data Entry Form এ প্রদর্শিত আবেদনকারীর ছবি ও শিক্ষাগত যোগ্যতার তথ্য তার মূল সনদ/নম্বরপত্রে উল্লিখিত তথ্যের সঙ্গে যাচাই করে প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে।<br>উল্লেখ্য যে, কলেজ কর্তৃক Blank Data Entry Form (Masters Prof.) ফরমে ভর্তি যোগ্যতার শর্তপূরণ করেনি এমন আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ বহন করবে এবং এ সকল আবেদনকারীদের ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।<br>সংশ্লিষ্ট কলেজকে Blank Data Entry Form এ প্রদর্শিত আবেদনকারীর ছবি ও শিক্ষাগত যোগ্যতার তথ্য তার মূল সনদ/নম্বরপত্রে উল্লিখিত তথ্যের সঙ্গে যাচাই করে প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর "Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্যাদি সঠিক"- মর্মে একটি প্রত্যয়ন পত্র, প্রাথমিক আবেদনের কপি, সনদ ও নম্বরপত্রের সত্যায়িত কপি, প্রযোজ্য ক্ষেত্রে মূল মাইগ্রেশন এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে ভর্তি নিশ্চয়নের দুই সপ্তাহের মধ্যে অবশ্যই প্রেরণ করবেন। উক্ত প্রত্যয়ন পত্র ও চাহিদাকৃত তথ্যাদি ব্যতীত Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।<br>কলেজ কর্তৃপক্ষ যে সকল আবেদনকারীর প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে না, সে সকল আবেদনকারী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না অর্থাৎ তাদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। |
| প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি ফান্ডের সঞ্চয়ী হিসাব নম্বর-0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |
| চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ, শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই, ফরম নিশ্চয়ন | মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কাছ থেকে সংশ্লিষ্ট কলেজ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ করবেন। Blank Data Entry Form এর মাধ্যমে যে সকল আবেদনকারী আবেদন করবে, তাদের চূড়ান্ত ভর্তি ফরম যাচাইয়ের ক্ষেত্রে আবেদনকারীর ছবি, নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য তার দাখিলকৃত নম্বরপত্র ও সনদপত্রের সঙ্গে মিলিয়ে নিতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক Blank Data Entry Form (Masters Prof.) ফরমে ভর্তি যোগ্যতার শর্তপূরণ করেনি এমন আবেদনকারীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ বহন করবে এবং এ সকল আবেদনকারীদের ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।<br>সকল তথ্য সঠিক মনে হলে ভর্তি ফি জমা রেখে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিশ্চয়ন করতে হবে। কোন আবেদনকারীর চূড়ান্ত ভর্তি ফরমে তথ্যগত অসংগতি বা ক্রটিপুর্ণ ছবি পরিলক্ষিত হলে ঐ আবেদনকারীর ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে বিষয়টি ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তর বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে। |
| রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [অনুচ্ছেদ-১০ এ কোর্সভিত্তিক বর্ণিত হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

## ৯। প্রাথমিক আবেদন ফি

| | |
|---|---|
| ১) আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ৩০০/- (তিনশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা] |

## ১০। কোর্সওয়ারী রেজিস্ট্রেশন ফি

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| ১. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম<br>২. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স<br>৩. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী<br>৪. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক<br>৫. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ<br>৬. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি<br>৭. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টর্স কোচিং | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,০০০/ (এক হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা |
| ৮. এলএলবি ১ম পর্ব<br>৯. পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১,২৩৫/- (এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা |
| ১০. মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট<br>১১. মাস্টার্স ১ম পর্ব: গণমাধ্যম ও সাংবাদিকতা | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ২,০০০/ (দুই হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ২,০৩৫/- (দুই হাজার পঁয়ত্রিশ) টাকা |
| ১২. এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং<br>১৩. এমবিএ ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজী | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১৫,০০০/ (পনের হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১৫,০৩৫/- (পনের হাজার পঁয়ত্রিশ) টাকা |
| ১৪. শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি | | = ২০০/- (দুইশত) টাকা |

০৭.১২.২০২৪

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

*© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।*